**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date :14-07-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**CM- Udaipur :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ উদয়পুরে গোমতী জেলার ৯৩ কোটি ২৪ লক্ষ টাকার ১০টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। উদয়পুরের রাজর্ষি কলাক্ষেত্রে আয়োজিত অনুষ্ঠানে স্বাস্থ্য, শিক্ষা, ক্রীড়া, রাজস্ব, গ্রামীণ উন্নয়ন ও শ্রম দপ্তর-সহ মোট ১০টি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করার কথা রয়েছে।

*****************************

**CM Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন সরকারের প্রতিটি জনকল্যাণমূলক কর্মসূচির মূল লক্ষ্য মানুষের সার্বিক উন্নয়ন। তাই প্রশাসনের প্রত্যেক স্তরের আধিকারিকদের জনগণের সঙ্গে নিবিড় যোগাযোগ বজায় রেখে জনসচেতনতা বৃদ্ধিতে আরও সক্রিয় ভূমিকা নিতে হবে। গতকাল সচিবালয়ে আয়োজিত টাস্ক মনিটরিং সিস্টেমের বৈঠকে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, সরকারের বিভিন্ন উন্নয়নমূলক ও জনমুখী প্রকল্প সম্পর্কে সাধারণ মানুষকে অবহিত করার পাশাপাশি দপ্তরগুলির নিজেদের মধ্যে সমন্বয় আরও সুদৃঢ় করতে হবে। বৈঠকে মুখ্যমন্ত্রী রাজ্যের বিভিন্ন জেলা হাসপাতালগুলির পরিস্থিতির খোঁজখবর নেন। একইসঙ্গে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলির পরিষেবা সঠিকভাবে পরিচালিত হচ্ছে কিনা, সে বিষয়েও তিনি প্রয়োজনীয় নির্দেশ দেন।

*****************************

**Ratan Lal Nath :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, রাজ্যের কুইন আনারস এবং জৈব সুগন্ধি লেবু সংযুক্ত আরব আমিরশাহির দুবাইয়ের খুচরো বাজারে পৌঁছেছে। সামাজিক মাধ্যমে তিনি বলেন, এর মাধ্যমে ত্রিপুরার জৈব কৃষিপণ্যের আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের নতুন দিগন্ত খুলবে। কৃষকদের আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টি হবে এবং বিশ্বমানের জৈব উদ্যানজাত পণ্যের উৎপাদক হিসেবে ত্রিপুরার পরিচিতি আরও সুদৃঢ় হবে।

******************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় রাজ্য সরকার সবধরনের প্রস্তুতি গ্রহণ করেছে। গতকাল আগরতলায় সাংবাদিকদের তিনি জানান বন্যা পরিস্থিতি মোকাবেলার জন্য জেলাশাসকদের সঙ্গে বৈঠক করেছেন। মুখ্যমন্ত্রী জানান, ২০২৪ সালের ভয়াবহ বন্যা পরিস্থিতির অভিজ্ঞতার নিরিখেই আগাম সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে।

******************************

**Advisory of DM :**

আগরতলায় কাটাখাল সংলগ্ন বাঁধ এবং দুর্গাচৌমুহনী থেকে প্রগতি স্কুলের পেছনের সড়ক ব্যবহার না করার জন্য জনসাধারনকে পরামর্শ দিয়েছেন পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসন। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সাধারণ জনগন এবং যানবাহন চালকদের এই দুটি পথ ব্যবহার না করে বিকল্প রাস্তা ব্যবহার করার পরামর্শ দেওয়া হয়েছে।

******************************

**NEET (UG) 2026 :**

ন্যাশনাল টেস্টিং এজেন্সি তাদের অফিসিয়াল ওয়েবসাইট-এ NEET (UG) 2026 পুনঃপরীক্ষার OMR শিট সক্রিয় করেছে এবং প্রার্থীদের উত্তর রেকর্ড

করেছে। NTA জানিয়েছে, প্রার্থীরা তাদের আবেদন নম্বর ব্যবহার করে লগ ইন করতে পারবেন এবং স্ক্যানারের সঙ্গে নিজেদের চিহ্নিত করা উত্তর মিলিয়ে দেখতে পারবেন। যদি কোনো কিছু না মেলে, প্রার্থীরা প্রশ্নটি নির্বাচন করে তাদের দাবি করা বিকল্পে টিক চিহ্ন দিতে পারবেন এবং ২০০ টাকার অফেরতযোগ্য প্রসেসিং ফি প্রদান করে একটি চ্যালেঞ্জ জমা দিতে পারবেন। সংস্থাটি স্পষ্ট করেছে, আপত্তি গৃহীত হলে ফি ফেরত দেওয়া হবে। ওএমআর আপত্তির সুবিধাটি এই মাসের ১৫ তারিখ পর্যন্ত পাওয়া যাবে। সাহায্যের জন্য প্রার্থীরা এনটিএ হেল্পলাইন-এ যোগাযোগ করতে পারেন।

*****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে জুলাই, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগণের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩৬তম পর্ব। প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নমো APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিসড-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে। ফোনলাইন এ মাসের ২৪ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

*****************************

**Nesha Mukt Yuba for Viksit Bharat :**

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রক, 'মেরা যুব ভারত' এর মাধ্যমে দেশব্যাপী 'নেশা মুক্ত যুবা ফর বিকশিত ভারত' অভিযানের পরবর্তী পর্যায় চালু করেছে। এই পর্যায়ে প্রতিযোগিতাগুলো জেলা, রাজ্য এবং জাতীয়

এই তিনটি স্তরে অনুষ্ঠিত হবে। মন্ত্রক সূত্রে জানা গেছে, ‘মাই ভারত’ পোর্টালে গতকাল থেকে নিবন্ধন শুরু হয়েছে। আগামী ২৪শে জুলাই থেকে ২৭শে জুলাই পর্যন্ত জেলা পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। রাজ্যস্তরের চ্যাম্পিয়নদের আগামী ১২ ও ১৩ আগস্ট জাতীয় যুব সম্মেলনে জাতীয়স্তরে চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নয়াদিল্লিতে আমন্ত্রণ জানানো হবে। নৃত্য, সঙ্গীত, রিল ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, পথনাটক এবং কবিতা—এই পাঁচটি সৃজনশীল বিভাগে ‘মাই ভারত’এর প্রতিযোগিতা হবে। প্রতিযোগিতাটি ১৫ থেকে ২৯ বছর বয়সী যুবক যুবতীদের জন্য উন্মুক্ত। অংশগ্রহণকারীরা হিন্দি, ইংরেজিসহ সমস্ত আঞ্চলিক ভাষায় তাদের লেখা জমা দিতে পারবেন।

*****************************

**Weather :**

ভারত আবহাওয়া বিভাগ (আইএমডি) আজ পর্যন্ত বিহার ও ওড়িশায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে। আবহাওয়া বিভাগ জানিয়েছে আজ অরুণাচল প্রদেশ, ছত্তিশগড়, ঝাড়খণ্ড, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম, ত্রিপুরা, পশ্চিমবঙ্গ, সিকিম, আসাম এবং মেঘালয়েও বিচ্ছিন্নভাবে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এদিকে আগরতলা আবহাওয়া দপ্তর আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা ও সিপাহীজলা জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। অন্যান্য জেলাগুলিতে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.২ ডিগ্রি সেলসিয়াস।

*****************************